

সাংবাদিকরা বস্তুনিষ্ঠ, সত্য সংবাদ তুলে ধরলে দেশ-জাতি উপকৃত হবে

-শ্রম প্রতিমন্ত্রী

খুলনা, ২০ মার্চ:

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মল্লুজান সুফিয়ান বলেছেন, সাংবাদিকরা বস্তুনিষ্ঠ, সত্য সংবাদ তুলে ধরলে দেশ-জাতি উপকৃত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের আগেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলা সহজ হবে।

তিনি আজ (শনিবার) খুলনা মহানগীর একটি হোটেলে বাংলাদেশ মফস্বল সাংবাদিক সোসাইটি (বিএমএসএস) নামে একটি সংগঠনের আত্মপ্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

শ্রম প্রতিমন্ত্রী বলেন, অসির চেয়ে মসি বড়। সাংবাদিকরা মশি নিয়ে সক্রিয় থাকলে সমাজের অন্যায় অনিয়ম তুলে ধরার সাথে উন্নয়ন ও অগ্রগতির তথ্য তুলে ধরলে দেশে এগিয়ে যাবে।

প্রতিমন্ত্রী খুলনা আঞ্চলের সাংবাদিকদের এ ধরনের একটি মহতি উদ্যোগ গ্রহণের জন্য সাধুবাদ জানান। তিনি সাংবাদিক সমাজের নিরাপত্তা এবং উন্নয়নের জন্য একতাবদ্ধ থাকার পরামর্শ দেন। প্রতিমন্ত্রী সাংবাদিক হুমায়ুন কবির বালু, হারুন অর রশিদ এবং মানিক সাহাসহ যে সকল সাংবাদিক পেশাগত কারণে নির্যাতিত নিপিড়িত মানুষের পক্ষে কথা বলার জন্য শহিদ হয়েছেন। তিনি তাঁদের আত্মার মাগফিরাত কামনা করেন। যে সকল সাংবাদিক সরকার প্রদত্ত প্রণোদনা পাননি তারা যাতে প্রণোদনার অর্থ পান সে বিষয়ে সহায়তার অশ্বাস দেন। বাংলাদেশ মফস্বল সাংবাদিক সোসাইটির চেয়ারম্যান খন্দকার আছিরুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মহাসচিব মোঃ সুমন সরদার, আইন সহায়তা কেন্দ্রের সভাপতি শরীফ মজনুর শামীম বাবু, সার্চ মানবাধিকার সোসাইটির পরিচালক এসএম বদরুল আলম রয়েল, মুহাম্মদ নুরুজ্জামান, সোয়েব আরিফ, আবু হামজা বাধন প্রমুখ বক্তৃতা করেন।

প্রতিমন্ত্রী সভা শেষে তিন বছর মেয়াদী বাংলাদেশ মফস্বল সাংবাদিক সোসাইটির সভাপতি হিসেবে খন্দকার আছিরুর রহমান এবং মোঃ সুমন সরদারকে মহাসচিব হিসেবে নাম ঘোষণা করেন।

আকতারুল ইসলাম,

জনসংযোগ কর্মকর্তা

০১৭১৮৮৫১৮৫১



শ্রম প্রতিমন্ত্রী বেগম মল্লুজান সুফিয়ান খুলনা মহানগীর একটি সাংবাদিক সোসাইটির নামে একটি সংগঠনের আত্মপ্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথি, খুলনা। (২০ মার্চ)